

পশ্চিমবঙ্গ সরকার
মহকুমা শাসকের করন
ঝাড়গ্রাম মহকুমা
ঝাড়গ্রাম, ঝাড়গ্রাম

আশাকর্মী নিয়োগ বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তরের স্মারক সংখ্যা HFW/NRHM-20/2006/Part-II/1631 dated 27/06/2012 এবং ঝাড়গ্রাম মহকুমা আশা নির্বাচন কমিটির ০৩/১১/২০২১ এবং ০৬/০১/২০২২ তারিখের সিদ্ধান্ত অনুযায়ী সমস্ত জনসাধারণকে জানানো যাচ্ছে যে ঝাড়গ্রাম মহকুমার ৮টি ব্লকের প্রতিটি ব্লকে শূণ্যপদে 'আশাকর্মী' নিয়োগ হবে।

আবেদনপত্র জমা দেওয়ার তারিখ :

আবেদনপত্র সংশ্লিষ্ট ব্লক উন্নয়ন আধিকারিকের নিকট জমা দিতে হবে, জমা দেওয়ার তারিখ: ১৩/০১/২০২২ হতে ১২/০২/২০২২ ছুটির দিন বাদে বেলা ১১ টা থেকে ৫ টার মধ্যে।

আবশ্যিক যোগ্যতা:

- ১) কেবলমাত্র বিবাহিতা / বিধবা / আইনগতভাবে বিবাহ বিচ্ছিন্না মহিলারা আবেদন করতে পারবেন।
- ২) বয়সসীমা : সাধারণ এর ক্ষেত্রে ৩০ বৎসর থেকে ৪০ বৎসর, তপ:জাতি/ তপ:উপজাতিভুক্ত মহিলাদের ক্ষেত্রে ২২ বৎসর থেকে ৪০ বৎসর। (০১/০১/২০২২ তারিখ অনুযায়ী)।
- ৩) নূনতম শিক্ষাগত যোগ্যতা : মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণা/ অনুত্তীর্ণা।
- ৪) যে গ্রামের / এলাকায় আবেদন করবেন সেই গ্রামগুলির মধ্যে যেকোন একটি গ্রামের সাধারণ বাসিন্দা হতে হবে। (সংযোজনী-১ অনুসরণ করুন)।
- ৫) জাতি/সম্প্রদায় উল্লেখ করতে হবে।
- ৬) গ্রেড- I এবং গ্রেড- II এস,এইচ,জি মেম্বার/ট্রেনিংপ্রাপ্ত ধাই/ লিঙ্ক ওয়ার্কার-রা বাড়তি সুবিধা পাবেন।
- ৭) তপ:জাতি/ তপ:উপজাতি অধ্যুষিত এলাকার/গ্রামের জন্য তপ:জাতি/ তপ:উপজাতি আবেদনকারীরা অগ্রাধিকার পাবেন। যদি যোগ্যতাসম্পন্ন তপ:জাতি/ তপ:উপজাতি আবেদনকারী না পাওয়া যায় তাহলেই অন্যান্য জাতির যোগ্যতাসম্পন্ন আবেদনকারীরা নিয়োগের জন্য বিবেচনাধীন হবেন।

আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত নথি অবশ্যই জমা দিবেন :


- ১) বিবাহ এবং আইনগত বিবাহ বিচ্ছিন্নার প্রমাণ স্বরূপ যথাক্রমে প্রথম ক্ষেত্রে বিবাহ নিবন্ধীকরণ শংসাপত্র/স্বামীর নাম বহনকারী নিজস্ব কোনো সরকারী দস্তাবেজ উদাহরণ: ভোটার সচিত্র পরিচয়পত্র, রেশন কার্ড, প্যান কার্ড, আধার কার্ড ইত্যাদি এবং দ্বিতীয় ক্ষেত্রে আইনী প্রমাণ পত্র।
- ২) শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র (মাধ্যমিক / সমতুল পরীক্ষার মার্কশীটের স্বপ্রত্যয়িত জেররুল)।
- ৩) বয়সের প্রমাণপত্র : মাধ্যমিক / সমতুল পরীক্ষার অ্যাডমিট কার্ডের স্বপ্রত্যয়িত জেররুল।
- ৪) স্থায়ী বাসস্থানের ঠিকানার প্রমাণপত্র (এপিক কার্ড / রেশন কার্ড) উভয় দিকে জেররুল প্রত্যয়িত।
- ৫) জাতি / সম্প্রদায় শংসাপত্র- উপযুক্ত কর্তৃপক্ষ (মহকুমা শাসক) দ্বারা জারীকৃত (স্বপ্রত্যয়িত জেররুল) - কেবল তপশিলী জাতি / তপশিলী উপজাতি শ্রেণীর প্রার্থীদের জন্য।
- ৬) এস,এইচ,জি মেম্বার/ট্রেনিংপ্রাপ্ত ধাই/ লিঙ্ক ওয়ার্কার হলে তার শংসাপত্রের স্বপ্রত্যয়িত জেররুল।
- ৭) উপরোক্ত তথ্যাদি সহ দরখাস্ত (৫টাকার ডাকটিকিট লাগানো নিজ ঠিকানা লেখা একটি বড় অফিস খাম সহ) সংশ্লিষ্ট ব্লক উন্নয়ন অফিসে জমা করতে হবে।

(বিশদে জানতে সংশ্লিষ্ট ব্লক উন্নয়ন আধিকারিক / ব্লক স্বাস্থ্য আধিকারিক অফিসে যোগাযোগ করুন।)

শূণ্যপদের সংখ্যা : (অগ্রাধিকার অনুযায়ী ক্যাটেগরী বিভাজন সহ) এবং আবেদন পত্রের নমুনা যথাক্রমে- সংযোজনী-১ এবং সংযোজনী-২ সংযুক্ত করা হল। অসম্পূর্ণ এবং উপযুক্ত নথি ছাড়া আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৮) ১২/০২/২০২২ তারিখ: বিকাল ৫ টার মধ্যে হাতে হাতে বা ডাকযোগে আবেদনপত্র না পৌঁছালে আবেদনপত্রটি বাতিল বলে গণ্য হবে এবং এর জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৯) আবেদন পত্রের নমুনা জেলার ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন বা ব্লক উন্নয়ন আধিকারিক অফিসে বা ব্লক স্বাস্থ্য আধিকারিক অফিসে বা এলাকার সাব সেন্টারে পাবেন। (ওয়েবসাইট - www.jhargram.gov.in ও www.wbhealth.gov.in).


সদস্য সচিব,

ঝাড়গ্রাম মহকুমা আশা নির্বাচন কমিটি
এবং

মহকুমা শাসক, ঝাড়গ্রাম


তারিখ: ১০.০১.২০২২

স্মারক সংখ্যা- ১৮(৮)/সি

প্রয়োজনীয় অবগতির জন্য প্রেরিত হল:

১) জেলা শাসক ও চেয়ার পার্সন, ঝাড়গ্রাম মহকুমা আশা নির্বাচন কমিটি।

২-৮)..... সদস্য, ঝাড়গ্রাম মহকুমা আশা নির্বাচন কমিটি।



সদস্য সচিব,

ঝাড়গ্রাম মহকুমা আশা নির্বাচন কমিটি
এবং


মহকুমা শাসক, ঝাড়গ্রাম

স্মারক সংখ্যা- ১৮(১)/(১৬)/সি

তারিখ : ১০.০১.২০২২

প্রয়োজনীয় অবগতি এবং যথাযথ প্রচারের জন্য প্রেরিত হল:

- ১) জেলা শাসক, ঝাড়গ্রাম।
- ২) অতিরিক্ত জেলা শাসক (উন্নয়ন), ঝাড়গ্রাম।
- ৩) মুখ্য স্বাস্থ্য আধিকারিক, ঝাড়গ্রাম।
- ৪) ডিস্ট্রিক্ট ইনফরমেটিকস অফিসার, ঝাড়গ্রাম। জেলা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।
- ৫-১২) ব্লক উন্নয়ন আধিকারিক, বিনপুর - ১, বিনপুর - ২, নয়াগ্রাম, গোপীবল্লভপুর - ১, গোপীবল্লভপুর - ২, সাঁকরাইল, জামবনি, ঝাড়গ্রাম।
সংশ্লিষ্ট ব্লক উন্নয়ন আধিকারিককে নিজ দপ্তরে এই বিজ্ঞপ্তি টাঙ্গানোর জন্য ও প্রধান মহাশয়দের নিকট এই বিজ্ঞপ্তির পাঠানোর (প্রাপ্তি স্বীকার সহ) অনুরোধ করা হল।
- ১৩) সহ মুখ্য স্বাস্থ্য আধিকারিক, ঝাড়গ্রাম।
- ১৪-২১) ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রর আধিকারিক, (বিনপুর - ১, বিনপুর - ২, নয়াগ্রাম, গোপীবল্লভপুর - ১, গোপীবল্লভপুর - ২, সাঁকরাইল, জামবনি, ঝাড়গ্রাম) সংশ্লিষ্ট ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রর আধিকারিককে নিজ দপ্তরে এই বিজ্ঞপ্তি টাঙ্গানোর জন্য ও সাব-সেন্টারে এই বিজ্ঞপ্তি টাঙ্গানোর জন্য অনুরোধ করা হল।
- ২২-২৯) শিশু উন্নয়ন প্রকল্প আধিকারিক, ব্লক।
- ১৬) মহকুমা শাসক, ঝাড়গ্রাম মহাশয়ের সংগুপ্ত সহায়ক।



সদস্য সচিব,

ঝাড়গ্রাম মহকুমা আশা নির্বাচন কমিটি

এবং

মহকুমা শাসক, ঝাড়গ্রাম

For office use only		
Block	Register Sl. No.	Date of Receipt

সংযোজনী-২

আবেদন পত্রের নমুনা
(ব্লক অফিসে জমা দিতে হবে)



প্রতি,
মহকুমা শাসক, ঝাড়গ্রাম
ঝাড়গ্রাম।

বিষয়: 'আশাকর্মী' (ASHA) পদের জন্য আবেদন।

স্মারক: _____ তাং _____.

মহাশয় / মহাশয়া,

আপনার দেওয়া বিজ্ঞপ্তি অনুযায়ী জানতে পারলাম যে, 'আশাকর্মী' (ASHA) নিয়োগ হবে। তাই এই পদের জন্য আমি একজন প্রার্থী। আমার বিবরণ নিচে দেওয়া হল।

- ১) আশাকর্মী পদে আবেদনের জন্য গ্রামের/এলাকার নাম :
- ২) সাব সেন্টার/ সুস্বাস্থ্যকেন্দ্রের নাম :
- ৩) প্রার্থীর নাম :
- ৪) আমি একজন বিবাহিতা / বিধবা / আইনগতভাবে বিবাহবিচ্ছিন্না মহিলা।
- ৫) পিতা / স্বামীর নাম :
- ৬) স্থায়ী ঠিকানা : গ্রাম _____, পো: _____, থানা _____, গ্রাম পঞ্চায়েত _____, ব্লক _____, জেলা _____, পিন কোড _____
- ৭) জন্ম তারিখ :
- ৮) জাতি / সম্প্রদায় : তপশিলী জাতি / তপশিলী উপজাতি / সাধারণ
- ৯) আমি একজন এস.এইচ.জি. মেম্বার/ট্রেনিংপ্রাপ্ত ধাই/ লিঙ্ক ওয়ার্কার/ কোনটাই নয়।
- ১০) শিক্ষাগত যোগ্যতা :

পরীক্ষার নাম (মাধ্যমিক / সমতুল)	সাল	উত্তীর্ণা/ অনুত্তীর্ণা	বোর্ড/কাউন্সিল	প্রাপ্ত নম্বর	মোট নম্বর	শতকরা নম্বর

এতদ্বারা অঙ্গীকার করছি যে, উল্লিখিত যাবতীয় তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য ও নির্ভুল। কোন তথ্য গোপন বা মিথ্যা প্রমানিত হলে আমার নিয়োগ বাতিল বা আইনানুগ কোনোও শাস্তি গ্রহণে বাধ্য থাকিব।

তারিখ:

সংযোজন:

- ১) মাধ্যমিক / সমতুল পরীক্ষার মার্কশীটের স্বপ্রত্যয়িত জেরঞ্জ
- ২) মাধ্যমিক / সমতুল পরীক্ষার অ্যাডমিট কার্ডের স্বপ্রত্যয়িত জেরঞ্জ
- ৩) এপিক কার্ড / রেশন কার্ড
- ৪)
- ৫)
- ৬)

তারিখ সহ আবেদনকারীর স্বাক্ষর

দরখাস্ত প্রাপ্তির রসিদ

রেজিস্টারে উল্লিখিত ক্রমিক সংখ্যা : _____ তারিখ : _____ প্রার্থীর নাম ও ঠিকানা: _____
এর কাছ থেকে _____ উপস্বাস্থ্যকেন্দ্রে / সুস্বাস্থ্যকেন্দ্রে আশাকর্মী পদে নিযুক্তির জন্য আবেদনপত্রটি গৃহীত হইল।

তারিখ :

গ্রহীতার স্বাক্ষর ও অফিস সিল